

এইচএসসি পরীক্ষা

কারিগরি বোর্ডের স্থগিত পরীক্ষা ৭ ডিসেম্বর

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ১৮ নভেম্বর ২০২২, ১৭:৪৮

চলমান এইচএসসি ও সমমান পরীক্ষায় কারিগরি শিক্ষা বোর্ডে বিএমটির বাংলা-১ (নতুন ও পুরাতন পাঠ্যসূচি) প্রশ্নপত্রে ত্রুটির কারণে স্থগিত হওয়া পরীক্ষা আগামী ৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। শুক্রবার (১৮ নভেম্বর) কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে দেওয়া উপ-পরীক্ষা নিয়ন্ত্রণ (বিএমটি) মো. সুলতান হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চলমান এইচএসসি ও সমমান পরীক্ষায় কারিগরি শিক্ষা বোর্ডে বিএমটির বাংলা-১ (নতুন পাঠ্যসূচি কোড ২১৮১১ ও পুরাতন পাঠ্যসূচি কোড ১৮১১)-এর স্থগিত হওয়া পরীক্ষা আগামী ৭ ডিসেম্বর অনুষ্ঠিত হবে।

ওই দিন বেলা দুইটা থেকে বিকেল চারটা পর্যন্ত এই পরীক্ষা অনুষ্ঠিত হবে ওই বিজ্ঞপ্তিতে বলা হয়।

পরীক্ষার সংশোধিত সূচি দেখা যাবে এই [লিংকে](#)।

উল্লেখ্য, আগের সূচি অনুযায়ী গত ৬ নভেম্বর এইচএসসি ও সমমান পরীক্ষায় কারিগরি শিক্ষা বোর্ডে বিএমটির বাংলা-১ (নতুন পাঠ্যসূচি কোড ২১৮১১ ও পুরাতন পাঠ্যসূচি কোড ১৮১১) পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু প্রশ্নপত্রে মুদ্রণ ত্রুটির কারণে তা স্থগিত করা হয়।